প্রীস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা: পরিবারের জন্য একটি সংক্ষিপ্ত চিত্র

নিউ ইয়র্ক সিটি প্রারম্ভিক শৈশব দিকনির্দেশনা কেন্দ্র দ্বারা প্রস্তুত

(Preschool Special Education Services: An Overview for Families)

December 2016

কিভাবে শুরু করবেন:

আপনি আপনার প্রীস্কুল বয়সী সন্তানের উন্নয়নের বিষয়ে উদ্বিগ্ন থাকলে এবং ইভেলুয়েশনের জন্য আগ্রহী হলে, একটা বিকল্প অপশন হচ্ছে, বিশেষ শিক্ষা কমিটির স্থানীয় এনওয়াইসি বিভাগে (CPSE) একটি লিখিত রেফারালের জন্য অনুরোধ করা। আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবা দেয়া হবে তার যথাযথ যোগ্যতার উপর ভিত্তি করে। এই মূল্যায়ন এবং আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যে কোনো সুপারিশ বিনা খরচে প্রদান করা হবে। আপনি রেফারেলের জন্যে চিঠি লিখে অথবা একজন পেশাদার (যেমন: একটি শিশুরোগ ডাক্তার, থেরাপিস্ট বা সমাজ কর্মী, ইত্যাদি) যে আপনার সন্তানের অবস্থার সঙ্গে পরিচিত, আপনি তাদের সাহায্য নিতে পারেন রেফারেল তৈরি করতে। আমাদের সংস্থা প্রারম্ভিক শৈশব দিকনির্দেশনা কেন্দ্র (ECDC) আপনাকে রেফারেল তৈরি প্রক্রিয়ায় আপনাকে সাহায্য করতে পারে। (নিউ ইয়র্ক সিটি ECDC এর একটি তালিকা দেয়া আছে ৫ এবং ৬ নম্বর পাতায় দেয়া আছে)। আপনার CPSE প্রশাসক (এই প্রশাসক/ শিক্ষা কর্মী এনওয়াইসি ডিপার্টমেন্ট অফ এডুকেশনের একজন কর্মকর্তা) আপনাকে যেকোন বিষয়ে সহায়তা করতে পারেন, এই প্রশাসক আপনাকে একটা পেকেট পাঠাবে সেখানে আপনি একটি মেডিকেল ফর্ম , মূল্যায়নের ফর্ম, আপনার করণীয় প্রক্রিয়ার অধিকার ব্যাখ্যা করা থাকবে এবং নিউ ইয়র্ক স্টেটর শিক্ষা দপ্তর থেকে তথ্য সহকারে একটি তালিকা পাঠাবে বিভিন্ন বিশেষ শিক্ষা অনুমদিত মূল্যায়ন কেন্দ্র এবং স্কুলের নাম সহ। আপনি প্যাকেটটা পাওয়া মাত্র অবিলম্বে আমাদের কেন্দ্রে অথবা নির্বাচিত কেন্দ্রে যোগাযোগ করুন পরীক্ষা নিরীক্ষার জন্যে। আপনার যদি সাহায্যের প্রয়োজন হয় সাইট নির্বাচন করতে আপনি আপনার বিভাগীয় CPSE অ্যাডমিনিস্ট্রেটর অথবা প্রারম্ভিক শৈশব দিকনির্দেশনা কেন্দ্র (ECDC)তে যোগাযোগ করতে পারেন।

বয়স যোগ্যতা:

জানুয়ারী ১ ম থেকে জুনের ৩০ এর মধ্যে যদি আপনার সন্তানের বয়স তিন বছর হয়, সেই বছরের জানুয়ারির ২ তারিখে আপনার শিশু বিশেষ শিক্ষা পরিষেবার জন্য প্রথম বয়স যোগ্য হবে, যেসব শিশু জুলাই ১ ম থেকে ডিসেম্বরের ৩১ এর মধ্যে জন্ম তাদের বিশেষ শিক্ষা পরিষেবার যোগ্যতা নির্বাচিত হবে ঐ সালের জুলাই মাসের ১ম থেকে।

করণীয় প্রক্রিয়ার অধিকার:

ফেডারেল এবং নিউ ইয়র্ক স্টেট আইনগতভাবে গ্যারান্টি দিয়ে থাকে সেসব বাবা/মাদের যাদের সন্তানেরা মূল্যায়ন হচ্ছে বিশেষ শিক্ষা পরিষেবার জন্য, অথবা বিশেষ শিক্ষা গ্রহন করছে, তাদের এবং বাবা/মাদের আইনগত অধিকার বর্ণনা করা আছে। এই করণীয় প্রক্রিয়ার অধিকার এবং তথ্যগুলো সি.পি.এস.ই(CPSE) অ্যাডমিনিস্ট্রেটর অফিস থেকে প্যাকেটে অন্তর্ভুক্ত করা হয়েছে। মূল্যায়ন সাইটে, আপনার সন্তানের মূল্যায়নের সময় প্রথমে সম্মতি স্বাক্ষর নেয়ার আগে এগুলো আরো বিস্তারিতভাবে আপনার কাছে ব্যাখ্যা করা হবে । **আপনার সাথে ব্যক্তিগতভাবে সভা না হওয়া পর্যন্ত সম্মতি ফর্মটা সাইন করবেন না।** আপনি আপনার অধিকার সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে, আপনি আপনার বিভাগের অ্যাডমিনিস্ট্রেটরকে অথবা ইসিডিসি(ECDC)প্রতিষ্ঠানের কর্মীদেরকে সিস্টেম ব্যাখ্যা করতে অনুরোধ করতে পারেন।

প্রতিপালক/ফস্টার কেয়ার:

যদি না তাদের অধিকার সমাপ্ত হয়েছে, আত্মসমর্পণ, বা সীমিত করা হয়েছে একটি শিশুর জন্মদাতা বাবামার একমাত্র কর্তৃত্ব আছে তাদের সন্তানের জন্য বিশেষ শিক্ষা সিদ্ধান্ত নেওয়ার জন্য। শিশু যদি ফস্টার কেয়ারে থাকে, এবং তার জন্মদাতা পিতামাতাকে খুজে পাওয়া সম্ভব না তখন সি. পি. এস. ঈ(CPSE) অ্যাডমিনিস্ট্রেটর সন্তানের জন্য একজন সারোগেট প্যারেন্ট অথবা অভিভাবক নিযুক্ত করবে।যখন জন্মদাতা বাবামার অধিকার সমাপ্ত হয়েছে, আত্মসমর্পণ, বা সীমিত করা হয়েছে শিশুর পালক পিতামাতা সম্মতি কাগজে সই করতে পারেন। যদি এ প্রশ্ন উঠে সম্মতি কাগজএ কে অনুমতি দেবে তখন সি. পি. এস. ঈ(CPSE) প্রশাসক এবং প্রিস্কুল বিশেষ শিক্ষা মূল্যায়ন সাইট কর্তৃপক্ষ সন্তানের ফস্টার কেয়ারের(Foster Care) সাথে যোগাযোগ করা প্রয়োজন।

মূল্যায়ন:

মা বাবা হিসাবে এটা আপনার দায়িত্ব প্যাকেট পাওয়া মাত্র অবিলম্বে পছন্দ অনুযায়ী একটি মূল্যায়ন সাইট নির্বাচন এবং মূল্যায়নের নির্দিষ্ট সময় নির্ধারণ করা, আপনার সুবিদার্থে একটি তালিকা সংযুক্ত করা আছে ফোন নম্বরসহ। মূল্যায়নের সাইটে অনুমতি ফর্মটা সম্মতির জন্য আপনার সাথে আনতে হবে। আপনার করণীয় প্রক্রিয়া অধিকার আপনার কাছে ব্যাখ্যা করার পর আপনি আপনার সন্তানের মূল্যায়ন করাতে চান কিনা, সেই সম্মতি দিয়ে কনসেন্ট ফর্মটা সাইন করতে হবে। কিছু কিছু ক্ষেত্রে CPSE অ্যাডমিনিস্ট্রেটর নিজে আপনার কাছ থেকে অনুমতিটা নেবে। আপনি যদি চান, স্বতন্ত্রিত শিক্ষা পরিকল্পনা (IEP) বিকশিত করার আগে লিখিতভাবে আপনি আপনার অনুমতি প্রত্যাহার করতে পারেন। মূল্যায়ন প্রক্রিয়ার প্রথম সাক্ষাতের সময় মূল্যায়ন সাইট প্রতিনিধি নিরীক্ষার জন্য আপনার সন্তান সম্পর্কিত প্রশ্ন জিজ্ঞাসা করবে, আপনি আপনার সন্তানের মূল্যায়নের সুবিদার্থে ইংরেজী ছাড়া অন্য কোন ভাষার প্রয়োজন আছে কিনা তা জানাতে পারেন।

আপনার সন্তানের মূল্যায়ন শরু হবে সামাজিক ইতিহাস নিয়ে আপনার সাথে সাক্ষাত্কারের মাধ্যমে, মানসিক মূল্যায়ন করা হবে এবং শারীরিক পরীক্ষার জন্যে একটি ফর্ম দেওয়া আছে প্যাকেটে সেটা আপনি (আপনার সন্তানের শিশুরোগ ডাক্তার দ্বারা পূরণ করিয়ে আনবেন)। অন্যান্য মূল্যায়নেরও প্রয়োজন হতে পারে, এটা জানতে যে, আপনার সন্তানের কোন শিক্ষাগত অক্ষমতা আছে কিনা। উদাহরণ সরুপ: অতিরিক্ত মূল্যায়নের জন্যে অন্তর্ভুক্ত হতে পারে (স্পিচ , অকুপেশনাল বা শারীরিক থেরাপি) কিন্তু এর মাঝেই মূল্যায়ন সীমিত নাও থাকতে পারে। আপনার সন্তানের আচরণ যদি শিক্ষার পথে বাধা সরুপ হয়, আপনি একটি প্রায়োগিক

ব্যবহারিক মূল্যায়ন (Functional Behavioral Assessment/FBA) অনুরোধ করতে পারেন। এছাড়াও আপনি আপনার সন্তানের অন্য কোন মূল্যায়ন করে থাকলে তা জমা দিতে পারেন। উপরন্তু মূল্যায়ন ছাড়াও একটি পর্যবেক্ষণ দলের সদস্য দ্বারা আপনার শিশুকে পর্যবেক্ষণ করা হবে। তা সম্পন্ন হওয়ার পরে, সব মূল্যায়ন CPSE অ্যাডমিনিস্ট্রেটরের কাছে পাঠানো হবে।

CPSE অ্যাডমিনিস্ট্রেটর আপনার সব ডকুমেন্ট পর্যালোচনা করার পর আপনাকে একটা মিটিং এর জন্যে ডাকবে, এই মিটিং কে আই ঈ পি মিটিং বলা হয়। সেখানে আপনার সন্তানের স্বতন্ত্রিত শিক্ষা পরিকল্পনা (IEP) বিষয়ে আলোচনা করা হবে। শিক্ষ্যা বোর্ড সদস্য CPSE সাক্ষাতের আগে আপনাকে ইভেলুয়েশনের সারসংক্ষেপ পাঠাবে আপনার ভাষায় এবং তারিখ ও সময় নির্ধারণ করে আপনাকে একটি এপয়েন্টমেন্ট দিবে। আপনার করণীয় প্রক্রিয়ার অধিকাররের একটি অংশ হচ্ছে, আপনি ইভেলুয়েশনের একটি প্রতিবেদন কপি CPSE মিটিং এর আগে পাবেন।**আপনার সম্পূর্ণ অধিকার আছে মূল্যায়নের সম্পূর্ন ফলাফল পাওয়ার জন্য।**আপনি যদি মূল্যায়নের সম্পূর্ন ফলাফল পেতে চান, তাহলে আপনাকে CPSE অ্যাডমিনিস্ট্রেটরের কাছে লিখিতভাবে অনুরোধ করতে হবে। আপনি মিটিং এ অংশগ্রহনে ইচ্ছুক, কিন্তু আপনার সময়তালিকা মিটিং এর সাথে না মিলে, যত তাড়াতারি সম্ভব CPSE অ্যাডমিনিস্ট্রেটরকে জানানো আবশ্যক। এবং মিটিং এর জন্য এপয়েন্টমেন্ট পুনরায় নতুন সময় এবং তারিখ নির্ধারন করতে হবে। **অন্যথা,** আপনাকে ছাড়াই মিটিং হয়ে যেতে পারে। অনুমোদন ফর্ম সাইন করার ৬০ ক্যালেন্ডার দিনের মধ্যে এই CPSE সভা সঞ্চালন করা একান্তই আবশ্যক।

বিশেষ শিক্ষা সভা নেভিগেশন কমিটি:

CPSE সভায়, ইভেলুয়েশনের ফলাফলের উপর ভিত্তি করে নির্ধারিত হবে আপনার সন্তানের উপযুক্ত সেবা। আপনার সাথে এই সভায় উপস্থিত থাকবে CPSE দলের প্রয়োজনীয় সদস্য: একজন সাধারণ শিক্ষার শিক্ষক, একজন বিশেষ শিক্ষার শিক্ষক বা সম্পর্কিত পরিষেবা প্রদানকারী। CPSE অ্যাডমিনিস্ট্রেটর হচ্ছে এমন একজন সদস্য যে নাকি আপনাকে মূল্যায়নের ফলাফল বিশ্লেসন এবং নির্দেশনামূলক প্রভাব ব্যাখ্যা করতে পারবেন। আপনি যদি অন্যান্য সদস্য যেমন: অভিভাবক সদস্য অথবা পেরেন্ট মেম্বার(অভিভাবক সদস্য হচ্ছেন এমন একজন সদস্য যার সন্তান বিশেষ শিক্ষা পাচ্ছে) এবং অন্য কোন স্পেসল সদস্যকে (উদাহরন সরুপ: স্কুল মনোবৈজ্ঞানিক অথবা বোর্ড অফ এডুকেশনের ডাক্তার)মিটিং এ উপস্থিত রাখতে চান, তবে আপনাকে মিটিং এর ৭২ ঘন্টা পূর্বে লিখিতভাবে তাদের উপস্থিতির অনুরোধ জানাতে হবে। আপনি যদি মিটিং এ আপনার পারিবারিক সদস্য, বা বন্ধু, অথবা ডাক্তার, বা উকিলকে উপস্থিত রাখতে চান; তাহলে আপনি আপনার সাথে তাঁদের আনতে পারবেন। আপনার সন্তান যদি আরলি ইন্টারভেনশন সেবায় থাকে, তবে লিখিতভাবে CPSE অ্যাডমিনিস্ট্রেটরের কাছে মিটিং এর ৭২ ঘন্টা পূর্বে সার্ভিস কোর্ডিনেটরের উপস্থিতি অনুরোধ জানাতে হবে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশন দ্বারা প্রতিষ্ঠিত মূল্যায়নের মানদণ্ড পূরণ করতে, আপনার সন্তানের যোগ্যতা পর্যালোচনা করা হবে। আপনার সন্তানের যোগ্যতা মানদণ্ড পূরণ না হলে, বিদ্যালয়ের কোন সেবা প্রদায়নের জন্য বিশেষ শিক্ষা পরিকল্পনা (IEP)তৈরি হবে না। আপনি যদি যোগ্যতা সংকল্পের সাথে একমত না হন, তবে লিখিতভাবে CPSE প্রশাসককে অপর/আরেকটি মূল্যায়নের জন্য অনুরোধ করতে পারেন। আপনার সন্তান যদি বিশেষ শিক্ষা পরিষেবার জন্য গ্রহণযোগ্য গণ্য হয়, তবে আপনার শিশু শ্রেণীবদ্ধ

হবে প্রীস্কুলের সাথে ডিসএবিলিটির(**Preschool Child with a Disability**) তালিকায় থাকবে এবং তখন একটি বিদ্যালয়ের বিশেষ শিক্ষা পরিষেবা(IEP) নির্ধারন করার ব্যবস্হা শুরু হবে। বিদ্যালয়ের স্বল্প ও দীর্ঘমেয়াদী লক্ষ্য এবং উদ্দেশ্য সুপারিশের সাথে সাথে আপনাদের বিশেষ শিক্ষা পরিষেবা এবং (প্রয়োজন হলে) অভিযোজিত সরঞ্জাম অন্তর্ভুক্ত করা হবে। পরিবহণের প্রয়োজন হলে অথবা কোনো বিশেষ পরিবহন প্রয়োজনীয়তা থাকলে, আই ঈ পি মিটিং(IEP) এ তা উল্লেখ করতে হবে এবং সেটা নথিভুক্ত থাকা একান্তই আবশ্যক।

সভায় আপনার সন্তানের চাহিদা অনুযায়ী ন্যুনতম নিয়ন্ত্রণমূলক পরিবেশ(LRE) বিষয়ে আলোচনা অন্তর্ভুক্ত করা হবে। একটি সুপারিশ নীচে বর্ণিত হবে SEDএর অনুমোদন অনুসারে সেবা মডেলের উপর ভিত্তি করে সন্তানের চাহিদা অনুযায়ী বিশেষ শিক্ষা পরিষেবা তৈরি করা হবে। আপনার সন্তানের পরিষেবার সংক্রান্ত প্রয়োজন এবং বিশেষ শিক্ষার জন্য ভ্রাম্যমান শিক্ষকের সেবা দরকার হলে, এবং আপনি আপনার সন্তানকে যদি একটি প্রারম্ভিক শৈশবের শিক্ষা প্রোগ্রামে (অর্থাৎ: সন্তানের দেখাশোনার, পূর্বকালীন শিক্ষ্যা, ইউনিভার্সাল প্রীকে, বা নার্সারি স্কুল ইত্যাদি পরিচর্যায় দিতে চান) দিতে পারেন। শৈশব প্রোগ্রামের জন্য অর্থ প্রদান, স্থাননির্দেশন করা, এবং নথিভুক্ত করা, ঐগুলো আপনার দায়িত্ব। প্রস্তাবিত সংক্রান্ত পরিষেবার জন্য এবং ভ্রাম্যমান বিশেষ শিক্ষার শিক্ষক সেবার জন্য আপনাকে বিনা খরচে সার্ভিস দেয়া হবে। সভায় অন্যান্য আলোচনার সাথে এটাও অন্তর্ভুক্ত হবে, আপনার সন্তান কি দশ না বারো মাসের স্কুল ক্যালেন্ডারের পরিসেবার প্রয়োজন। উপরন্তু ছাড়াও, এই বৈঠকের অংশ হিসাবে শিশু ফলাফল সার্ভে ফরম (আপনার সন্তানের উন্নয়ন সংক্রান্ত তথ্য অন্তর্ভুক্ত থাকবে) আপনার সাথে পর্যালোচনা করা হবে।

পরিষেবা অব্যাহত আপনার অক্ষম শিশুর জন্য:
বিদ্যালয়ের মিটিং এ আপনার সন্তানের চাহিদা পূরণের জন্য উপযুক্তভাবে বিশেষ শিক্ষা সেবার স্তর আলোচনা করা হবে। নিউ ইয়র্ক স্টেটে বর্তমানে বিকল্প ব্যবহারযোগ্য সার্ভিসগুলির সংক্ষিপ্ত বিবরণ নিচে দেয়া আছে: তালিকাভুক্ত করা হয়েছে সর্বনিম্ন নিয়ন্ত্রণমূলক পরিবেশে থেকে সর্বোচ্চ নিয়ন্ত্রণমূলক বিবেচিতভাবে:

সম্পর্কিত সার্ভিসেস অথবা রিলেটেড সার্ভিসেস (RS) একটি সুসংগত প্রত্যয়িত বা লাইসেন্সপ্রাপ্ত পেশাদার দ্বারা পরিসেবা দেয়া হয়। উদাহরণগুলোর মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু এর মাঝেই সীমিত নয়, স্পীচ থেরাপি (ST), শারীরিক থেরাপি (PT), অকুপেশনাল থেরাপি (OT), শ্রুতিবিজ্ঞান, পরামর্শ প্রদান পরিষেবা, পিতা বা মাতা পরামর্শ দান ও শিক্ষা, স্কুলের সামাজিক কাজ, দৃষ্টি শিক্ষা পরিষেবা এবং শ্রবণ শিক্ষা পরিষেবা। যদি দুই বা ততোধিক সংক্রান্ত পরিষেবার সুপারিশ করা হয়, CPSE অ্যাডমিনিস্ট্রেটর সমন্বয়কারী হিসাবে অথবা কোওর্ডিনটর হিসেবে সম্পর্কিত পরিষেবা প্রদানকারী একজনকে মনোনীত করবে।

বিশেষ শিক্ষার ভ্রাম্যমান শিক্ষক (SEIT) হচ্ছে একজন সার্টিফাইড বিশেষ শিক্ষার শিক্ষক, যে এই সেবা প্রদানের জন্য আপনার সন্তানের কাছে ভ্রমণ করবে, এদের সংক্ষেপে SEIT শিক্ষক বলা হয়। এই SEIT শিক্ষক হচ্ছেন SED অনুমোদিত প্রীস্কুলের বিশেষ শিক্ষা প্রোগ্রামের একজন কর্মী। যদি SEIT পরিষেবা এবং অন্যান্য সংক্রান্ত পরিষেবার সুপারিশ করা হয়, SEIT শিক্ষক সব সেবা সমন্বয়কারী হিসেবে কাজ করবে। SEIT সেবা প্রতি সপ্তাহে অন্তত দুই ঘন্টা প্রদান করা আবশ্যক।

সম্পর্কিত সেবা এবং SEIT যেকোন প্রতিস্থানে এই সার্ভিস প্রদান করা যেতে পারে, কিন্তু এগুলোর মাঝেই সব সীমাবদ্ব নয়: একটি অনুমোদিত বা লাইসেন্স সম্বত প্রী কিন্ডারগার্টেন, হেড স্টার্ট প্রোগ্রাম, সন্তানের দেখাশোনার অবস্থান, থেরাপিস্টের অফিসে অথবা আপনার বাড়িতে।

বিশেষ শিক্ষার সাথে একটি অংশভুক্ত ক্লাস রুম (SCIS) একটি উপযুক্তভাবে অনুমোদিত বিশেষ শিক্ষা প্রতিস্হান(SED) যেখানে সব ধরনের শিশুদের অন্তর্ভুক্ত করা হয়। অন্যান্য শৈশব শিক্ষার শিক্ষক এবং পেরাপ্রফেসনাল এছাড়াও শ্রেণীকক্ষে কাজ করতে পারে; শ্রেণীকক্ষ কর্মীদের মধ্যে কমপক্ষে একজন বিশেষ শিক্ষার শিক্ষক এবং একজন পেরাপ্রফেসনাল অন্তর্ভুক্ত থাকবে, অন্যান্য শিক্ষক এবং পেরাপ্রফেসনালও থাকতে পারেন। এই ধরনের প্রোগ্রামে প্রতিটি সন্তানকে প্রতিদিন সর্বনিম্ন ২.৫ ঘন্টার সেবা পাবে। একটি সমন্বিত বৈশিষ্ট্যের মধ্যে একটি বিশেষ শ্রেণীর জন্য অনুমোদিত শিশু তাদের কর্মসূচির অংশ হিসাবে সংক্রান্ত পরিষেবাও পেতে পারে।

বিশেষ ক্লাস (SC) একটি SED অনুমোদিত প্রীস্কুল বিশেষ শিক্ষা প্রোগ্রাম। এই ধরনের সব শিশুদের প্রতিবন্ধী প্রীস্কুল শিশু হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়। এই ধরনের প্রোগ্রামে প্রতিটি সন্তানের প্রতিদিন অন্তত ২.৫ ঘন্টা সেবা পাবে। একটি বিশেষ শ্রেণীর জন্য অনুমোদিত শিশু তাদের কর্মসূচির অংশ হিসেবে এ সম্পর্কিত সেবা গ্রহণ করতে পারে।

আবাসিক প্রোগ্রাম হচ্ছে একটি SED অনুমোদিত শিক্ষা প্রতিস্ঠান, এটি একটি বিশেষ শিক্ষা আবাসিক প্রোগ্রাম যা চব্বিশ ঘন্টার একটি সেটিং, এখানে অন্তত প্রতিদিন কমপক্ষে পাঁচ ঘন্টা সার্ভিস দিবে। এছাড়াও একটি আবাসিক প্রোগ্রামের জন্য অনুমোদিত শিশু সম্পর্কিত সেবাও গ্রহণ করতে পারে। একটি আবাসিক প্রোগ্রাম প্লেসমেন্ট শিক্ষা নিউ ইয়র্ক স্টেট কমিশনার কর্তৃক অনুমোদিত হতে হবে।

প্রীস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা অনুমোদন:
CPSE সভায়, আপনার উপস্থিতির জন্য সাইন ইন করতে বলা হবে এবং আপনি সুপারিশের সাথে একমত হলে আপনাকে একটি ফর্ম স্বাক্ষর করতে দেয়া হবে আপনার সম্মতির জন্য। CPSE অ্যাডমিনিস্ট্রেটর আই ঈ পি তৈরি হওয়ার ৩০ স্কুলের দিনের মধ্যে অনুমোদিত এই বিশেষ শিক্ষা পরিষেবা সার্ভিস শুরু করার নির্দেস দিবে। মূল্যায়নের সম্মতি স্বাক্ষরিত হওয়ার ৬০ স্কুল দিনের মধ্যে এটি হতে হবে। CPSE বিশেষ শিক্ষা পরিষেবার রেকমেন্ডেশন অনুযায়ী যদি (বিশেষ শ্রেণীর ক্লাস, একটি সমন্বিত সেটিং বিশেষ শ্রেণীর ক্লাস SEIT) প্রস্তাবিত সেবা না মিলে, CPSE আংশিক সেবার জন্য বিকল্প প্রস্তাব করতে পারেন। CPSE সভায় আপনি উপস্থিত থাকতে না পারলে, আপনার অনুমতি পরিষেবা জন্য সম্মতি ফর্ম মেইল করে পাঠানো হবে। আপনার লিখিত অনুমোদন ছাড়া কোন সেবা শুরু হবে না।

আপনি সুপারিশের সাথে একমত না হলে এবং CPSE সভায় আপনার সমস্যার সমাধান করতে না পারলে, আপনি লিখিতভাবে মধ্যস্থতা অথবা একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ করতে পারেন। একটি নিরপেক্ষ শুনানি আইনগতভাবে বাধ্য প্রক্রিয়া, বিপরীতভাবে মধ্যস্থতা হচ্ছে একটি আনুষ্ঠানিক প্রক্রিয়া। আপনি মধ্যস্থতা ও নিরপেক্ষ শুনানির প্রক্রিয়ার জন্য আরো তথ্য চাইলে CPSE অ্যাডমিনিস্ট্রেটর, আপনার বিভাগের প্রারম্ভিক শৈশব দিকনির্দেশনা কেন্দ্র অথবা বা পরবর্তী পৃষ্ঠায় তালিকাভুক্ত সংস্থাগুলোর সাথে যোগাযোগ করতে পারেন।

আমরা এই উপাদান আপনার জন্য উপযোগী আশা করি। আপনার **অন্তর্ভুক্ত তথ্য সম্পর্কে কোন প্রশ্ন থাকলে, বা আপনার সন্তানের জন্য পরিষেবা সম্পর্কে** প্রশ্ন থাকলে, দয়া করে **আপনি** আপনার বিভাগীয় আরলী চাইল্ডহূড ডিরেকসন সেন্টারের **সাথে যোগাযোগ করুন**।

আমাদের প্রারম্ভিক শৈশব দিকনির্দেশনা কেন্দ্র (ECDC), নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশন দ্বারা নিহিত, আমরা বিনামূল্যে গোপনীয় তথ্য প্রদান করি, রেফারেল এবং সমর্থন প্রদান করি পরিবার এবং পেশাদারদের জন্য সন্দেহ বা উন্নয়নমূলক বিলম্ব বা অসমর্থ শিশুদের জন্য পরিষেবা সম্পর্কে সাহায্য করি। নিউ ইয়র্ক সিটিতে প্রতিটি বিভাগে একটি প্রারম্ভিক শৈশব দিকনির্দেশনা কেন্দ্র আছে।

নিম্নক্ত গুরুত্বপূর্ণ ওয়েবসাইটগুলো দেখুন:

http://www.p12.nysed.gov/specialed/techassist/ecdc/home.html

BRONX
Early Childhood Direction Center
Bronx Independent Living Services
4419 Third Avenue, Suite 2C
Bronx, NY 10457
347-271-8159
maura@bils.org
http://bils.org

BROOKLYN
Early Childhood Direction Center
United Cerebral Palsy of NYC
160 Lawrence Avenue
Brooklyn, NY 11230
718-437-3794
brooklynecdc@ucpnyc.org
www.ucpnyc.org/ecdc

MANHATTAN
Early Childhood Direction Center
New York Presbyterian Hospital
409 East 60th Street, #3-312
New York, NY 10022
212-746-6175
ecdc@nyp.org
http://nyp.org/ecdc

QUEENS
Early Childhood Direction Center
Queens Centers for Progress
81-15 164th Street
Jamaica, NY 11432
718-215-1299
cwarkala@queenscp.org
www.ecdcqueens.org

STATEN ISLAND
Early Childhood Direction Center
Staten Island University Hospital
242 Mason Avenue, 1st Floor
Staten Island, NY 10305
718-226-6670
lkennedy30@northwell.edu
http://www.siuh.edu/ecdc

In New York City, the following agencies also provide information, referral and advocacy assistance to families of children with special needs:

Advocates for Children of New York
866-427-6033 (education help line, toll free)
http://www.advocatesforchildren.org

Parent to Parent of New York State
800-405-8818
http://www.parenttoparentnys.org/offices/new-york-city

INCLUDEnyc
212-677-4660 (resource line)
http://www.includenyc.org/

Sinergia, Inc.
212-643-2840
http://www.sinergiany.org

United We Stand of New York
718-302-4313
http://www.uwsofny.org

The New York State Education Department Special Education Parent Centers provide information and training.
http://www.p12.nysed.gov/specialed/techassist/parentcenters.htm

Bronx
212-677-4650
https://www.includenyc.org/content/programs

Brooklyn
212-677-4650
https://www.includenyc.org/content/programs

Manhattan
212-677-4650
https://www.includenyc.org/content/programs

Queens
212-677-4650
https://www.includenyc.org/content/programs

Staten Island
718-494-4872
http://www.parenttoparentnys.org/Regional/statenisland.htm

PSSE Overview for Families 4/99, 9/00, 6/01,1/02, 4/04, 12/06, 11/07, 6/12, 8/13, 11/14, 9/15, 7/16, 12/16